

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব মোঃ খায়রুল ইসলাম আলমাজি এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে; এবং

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই;

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ২২-৬-১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	জনাব মোঃ খায়রুল ইসলাম আলমাজি, তত্ত্বাবধায়ক (বর্তমানে সাময়িক বরখাস্ত) ও প্রাক্তন ইনচার্জ, কর্মচারী নং-৯০৪, মিরপুর বিক্রয় কেন্দ্র, ডিডিপি (Dhaka Dairy Plant) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা), মিরপুর-৭, ঢাকা-১২১৬। বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ পিতা-মরহুম নূরনবী আলমাজী, গ্রাম-দারিয়াপুর, ডাকঘর-শাহজাদপুর, থানা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ।	মেট্রোঃ বিশেষ মামলা নং-২৩/১৫ (সূত্রঃ রূপনগর থানার মামলা নং-১৩, তারিখ ২২-০৪-১২ খ্রিঃ) ধারাঃ ৪০৯ দঃবিঃ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।

মোঃ কামরুল হোসেন মোল্লা
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৪৪৭৭)

মূল্য : টাকা ৪.০০